



রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক  
প্রধান কার্যালয়, রাজশাহী  
গবেষণা ও উন্নয়ন বিভাগ



“মুজিববর্ষের প্রতিশ্রুতি  
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের অগ্রগতি”

সহজ শর্তে কৃষি ঋণ, বদলে যাবে সবার দিন।  
সততার কোন বিকল্প নাই, দুনীতির সাথে আপোষ নাই।

সূত্র নং : সার্কুলার নম্বর গউবি-১/২০২২-২০২৩/৯৮

তারিখ : ২৯.০৮.২০২২

সকল জোনাল ব্যবস্থাপক  
উপ-মহাব্যবস্থাপক  
স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী  
সকল শাখা ব্যবস্থাপক  
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

বিষয়: সিআইবি রিপোর্টিং প্রসঙ্গে।

প্রিয় মহোদয়

উপর্যুক্ত বিষয়ে আপনাদের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, কৃষি ঋণ বিভাগের ০৩.১২.২০১৮ তারিখের এসিডি সার্কুলার লেটার নম্বর-০২ এর নির্দেশনা অনুযায়ী ০১ টাকা হতে যে কোন অংকের সকল বকেয়া শস্য ও ফসল ঋণের তথ্য সিআইবিতে রিপোর্ট করতে হবে। তবে নতুন মঞ্জুরি বা নবায়নের জন্য ২.৫০ লক্ষ টাকা পর্যন্ত শস্য/ফসল ঋণের ক্ষেত্রে সিআইবি রিপোর্টিং সংগ্রহের প্রয়োজন হবে না।

উল্লেখ্য, কোন খেলাপি ঋণগ্রহীতা যাতে কৃষি ঋণ না পান সে ব্যাপারে সংশ্লিষ্ট ঋণ বিতরণকারী কর্মকর্তাকে নিশ্চিত হতে হবে।


০৩। বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন এর ১২.০৩.২০১৩ তারিখের ডিওএস সার্কুলার নম্বর-০১ অনুযায়ী সিআইবি রিপোর্টের মেয়াদ ৬০ দিন। ৬০ (ষাট) দিনের অধিক পুরাতন নয় এমন সিআইবি ইনকোয়ারী রিপোর্ট প্রাপ্তি ব্যতীত কোন ঋণ বিতরণ করা যাবে না।

এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংকের উপরোক্ত সার্কুলার/সার্কুলার লেটারের বিধিবিধান যথাযথভাবে পরিপালন করে ঋণ বিতরণ করার পরামর্শ দেয়া হলো।

বর্ণিত নির্দেশনা পরিপালন না করার কারণে বাংলাদেশ ব্যাংক কর্তৃক কোন অর্থদন্ড আরোপ করা হলে তার দায়দায়িত্ব সংশ্লিষ্ট শাখা/কর্মকর্তা(গণ) এর উপর বর্তাবে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত



(মোসাঃ মাকসুদা নাসরীন)


মহাব্যবস্থাপক

সূত্র নং : সার্কুলার নম্বর গউবি- ১/২০২২-২০২৩/ ৯৮ (৪৫৬)

তারিখ : ২৯.০৮.২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১) চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, পর্ষদ সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ২) স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ৩) স্টাফ অফিসার সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ৪) মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ৫) সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান/সেল প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী। উপ-মহাব্যবস্থাপক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগকে সার্কুলারটি রাকাবের ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।
- ৬) অধ্যক্ষ, রাকাব প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
- ৭) বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ৮) সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ৯) ব্যবস্থাপক, রাকাব, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা।
- ১০) অফিস নথি।

  
(রণজিৎ কুমার)  
উপ-মহাব্যবস্থাপক